সংবাদ সংগ্রহ করতে গিয়ে সন্ত্রাসী হামলায় যমুনা টিভির সাংবাদিকসহ আহত ৫

হলধর দাস,নরসিংদী প্রতিনিধি: নরসিংদীর আলোকবালীতে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষের সংবাদ সংগ্রহ করতে গিয়ে হামলার শিকার হয়েছেন যমুনা টিভির নরসিংদীর স্টাফ রিপোর্টার আইয়ুব খান সরকার। বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) সকাল থেকেই নরসিংদী সদর হাসপাতালে সংবাদ সংগ্রহের জন্য অবস্থান করছিলেন তিনিসহ আরো কয়েকজন সাংবাদিক। সকাল সাড়ে ১০টার দিকে তার উপর একপক্ষের সমর্থকরা এলোপাথারি হামলা চালায়। এসময় তার মাথায় আঘাত করলে মাথা ফেটে গুরুতর আহত হন। তার সাথে থাকা আরো চার সাংবাদিক তাদের হামলার শিকার হন। তারা হলেন, সময় টিভির নরসিংদীর স্টাফ রিপোর্টার আশিকুর রহমান পিয়াল, একাত্তর টেলিভিশনের ক্যামেরাম্যান মোঃ ঈদুল ফিতর, সময় টেলিভিশনের ক্যামেরাম্যান মাহফুজুর রহমান।

প্রত্যক্ষদর্শী সাংবাদিকরা জানায়, সংবাদ সংগ্রহের জন্য হাসপাতাল

কম্পাউন্ডে অবস্থান করছিলেন আইয়ুব খানসহ সকল সংবাদকর্মীরা। এসময় আলোকবালী ইউনিয়ন বিএনপির বহিস্কৃত সাধারণ সম্পাদক কাইয়ুমকে জড়িয়ে সংবাদ প্রকাশ করায় ক্ষোভ প্রকাশ করে তার সমর্থকরা। এরই জের ধরে সংবাদ কর্মীদের উপর হামলা চালায় কাইয়ুমের লোকজন। এতে আইয়ুব খানসহ আরো ৪ জন সংবাদ কর্মী আহত হয়। তাদের আত্মচিৎকারে হাসপাতালে আগত লোকজন এগিয়ে আসলে তাদের সহায়তায় হাসপাতালের ভিতরে গিয়ে আশ্রয় নেয় সংবাদ কর্মীরা। খবর পেয়ে র্যাব, পুলিশ, সেনাবাহিনীসহ বিভিন্ন আইনশৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা ঘটনাস্থলে চলে আসে। বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

নরসিংদী সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. ফরিদা গুলশানারা কবির জানান, ঘটনার পরে তাকে তাৎক্ষণিক চিকিৎসা দেয়া হয়। তার মাথার ডান পাশে চারটি সেলাই দেয়া হয়। মাথায় ইনজুরির কারণে পর্যবেক্ষণে রাখা হয়েছে।

এব্যাপারে নরসিংদীর অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ) সুজন চন্দ্র সরকার বলেন, সাংবাদিকদের উপর হামলার ঘটনা শুনে তাৎক্ষণিক সদর থানাকে নির্দেশনা দেয়া হয়েছে। সে অনুযায়ী হামলাকারীদের সনাক্তসহ গ্রেপ্তারের পুলিশী অভিযান অব্যাহত রয়েছে। সাংবাদিকদের পক্ষ থেকে লিখিত অভিযোগ পাওয়া গেলে নিয়মিত মামলা রুজু করা হবে।